

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০৪৮.২০১৩-২০০৫

তারিখঃ ২১/৪/১৩খঃ।

আদেশ

যেহেতু, জনাব ডি,এম ওবাইদুল ইসলাম, অফিস সহায়ক, যুব উন্নয়ন অধিদপ্তর, ক্ষেতলাল, জয়পুরহাটে কর্মকালীন প্রতিবেশী জনাব বুলু মিয়া ফকিরকে হত্যার উদ্দেশ্যে মাথায় আঘাত (ফৌজদারী অপরাধে) এবং উক্ত ব্যক্তির নিকট হতে ৫৫,০০০/- টাকা চুরির অভিযোগে তার বিরুদ্ধে জয়পুরহাট জেলাধীন আক্কেলপুর থানায় গত ২০-৫-২০১৩ খ্রিঃ তারিখে মামলা নং-১৩ দায়ের করা হয়। উক্ত মামলায় তিনি একই দিন অর্থাৎ ২০-৫-২০১৩ খ্রিঃ তারিখে পুলিশ কর্তৃক গ্রেফতার হন এবং বিজ্ঞ আদালত তাকে জেল হাজতে প্রেরণ করে। সে মোতাবেক তিনি গত ২০-৫-২০১৩ খ্রিঃ হতে ১৬-৬-২০১৩ খ্রিঃ তারিখ পর্যন্ত জেল হাজতে থাকার পর জামিনে মুক্তি লাভ করেন।

যেহেতু, অধিদপ্তরের ১৯-১১-২০১৩ খ্রিঃ তারিখের ১৪৯৮ সংখ্যক পত্রে উপর্যুক্ত কারণে তাকে সাময়িক বরখাস্ত করা হয় এবং ০৩-১২-২০১৪ খ্রিঃ তারিখের ৪০৫ সংখ্যক স্মারকে তার বিরুদ্ধে সরকারী কর্মচারী(শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি অনুযায়ী অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা চালু করা হয়;

০২। যেহেতু, তিনি উক্ত মামলায় আনীত অভিযোগের বিষয়ে ২৯-১২-২০১৪ খ্রিঃ তারিখে লিখিতভাবে জবাব দাখিল করেন এবং তার আবেদনের প্রেক্ষিতে গত ১৭-০২-২০১৫ খ্রিঃ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

০৩। যেহেতু, বিভাগীয় মামলার নথি পর্যালোচনা এবং ব্যক্তিগত শুনানীতে অভিযোগসমূহ তদন্ত হওয়ার প্রয়োজন অনুভূত হওয়ায় বিধি মোতাবেক বিভাগীয় তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। সে মোতাবেক তদন্ত কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন। প্রাপ্ত তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমানিত নয় মর্মে উল্লেখ করা হয়।

০৪। যেহেতু, তদন্তে অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমানিত না হওয়া, ফৌজদারী মামলা হতে জামিন লাভ, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য এবং নথিপত্র পর্যালোচনায় তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা হতে তাকে অব্যাহতি দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

- ক) এক্ষণে, সেহেতু অফিস সহায়ক, জনাব ডি,এম ওবাইদুল ইসলাম-কে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো;
- খ) তার হাজতবাস সময়ের বিষয়টি ছুটি বিধি অনুযায়ী নিষ্পত্তিযোগ্য। একই সাথে তার সাময়িক বরখাস্ত আদেশ এতদ্বারা প্রত্যাহার করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(আনোয়ারুল করিম)
মহাপরিচালক
ফোন : ৯৫৫৯৩৮৯
তারিখঃ ২১/৪/১৩খঃ।

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০৪৮.২০১৩-২০০৫

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :

- ০১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, জয়পুরহাট।
- ০২। কম্পিউটার প্রোগ্রামার(আইসিটি)যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। আদেশটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৩। সহকারী পরিচালক(প্রশাসন), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত নথিতে কপিটি সংরক্ষণের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৪। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ক্ষেতলাল, জয়পুরহাট।
- ০৫। উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর, ক্ষেতলাল, জয়পুরহাট। পত্রের নির্দেশনা বাস্তবায়ন করতে অনুরোধ করা হলো।
- ০৬। জনাব ডি,এম ওবাইদুল ইসলাম, অফিস সহায়ক, যুব উন্নয়ন অধিদপ্তর, ক্ষেতলাল, জয়পুরহাট।
- ০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৮। অফিস কপি/গার্ড ফাইল।

(মোঃ আতাউর রহমান)
সহকারী পরিচালক(শৃঙ্খলা)
ফোন : ৯৫৫১৮৫৯